



প্রধানমন্ত্রী তার প্রতিশ্রুতি রক্ষা করবেন না?

মাননীয় প্রধানমন্ত্রী আপনি বিরোধীদলীয় নেত্রী থাকা অবস্থায় সারাদেশে ২০তম বিসিএস দুর্নীতি নিয়ে প্রতিবাদ, লেখালেখি ও আন্দোলনের পরিপ্রেক্ষিতে আশার আলো দেখিয়ে বলেছিলেন, 'চারদলীয় জোট ক্ষমতায় গেলে ২০তম বিসিএস পরীক্ষার ফলাফল বাতিল করা হবে। তখন দেশের রাজনৈতিক দলগুলোও দাবি করেছিল ফলাফল বাতিলের। বর্তমান জোট সরকারের সবাই তখন সোচ্চার হয়েছিলেন, একটি সাংবিধানিক প্রতিষ্ঠানে রাজনীতি ও দুর্নীতির কালো ধাবার বিস্তারে। কিন্তু সরকারের সাত মাস অতিবাহিত হয়ে গেলেও ২০তম বিসিএস নিয়ে কোন ঘোষণা তরুণ সমাজ এখনও পায়নি। শুধু ২০তম বিসিএস নয়, বিগত সরকারের ১৭তম, ১৮তম বিসিএস পরীক্ষায়ও দুর্নীতি করা হয়েছে। এ সময়ে শুধু ছাত্রলীগে বিরোধী রাজনৈতিক সংগঠনে জড়িত থাকার কারণে কেউ চাকরি পায়নি। ২০তম বিসিএসে মৌখিক পরীক্ষার আগে রাজনৈতিক পরিচয় (নিজেদের) জানার জন্য হলে হলে খোঁজ নিয়ে তালিকা তৈরি করে দেয়া হয়েছে। যাতে এ তালিকার বাইরে কেউ চাকরি না পায়। প্রধানমন্ত্রী আপনি আপসহীন নেত্রী, আপনি প্রতিশ্রুতি ভুলে যাবেন, তা হয় না। বিগত সময়ে (১৭, ১৮, ২০তম) বিসিএসে জাতীয়তাবাদী ছাত্রদল যারা করেছে তাদের লিখিত ও মৌখিক পরীক্ষার নম্বর এবং ছাত্রলীগ যারা করেছে তাদের মৌখিক পরীক্ষার নম্বর তদন্ত করলেও বিগত সরকারের দলীয়করণের চিত্র ফুটে উঠবে। বিগত সরকারের সময়ে রাজনৈতিক পরিচয়ের জন্য আমরা বার বার মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হইনি। ২০তম বিসিএসসহ অন্যান্য মৌখিক পরীক্ষায় আমরা বর্তমান প্রধানমন্ত্রীর কাছে অনুরোধ জানাচ্ছি মৌখিক পরীক্ষায় আমাদের প্রাপ্ত নম্বরগুলো হয় তদন্তপূর্বক দেখার ব্যবস্থা নিন না হয় ২০তম বিসিএস বাতিল করে আবার মৌখিক পরীক্ষার ব্যবস্থা গ্রহণের মাধ্যমে প্রতিশ্রুতি রক্ষা করুন। তা না হলে আমরা কার কাছে গিয়ে আমাদের প্রয়োজনের কথা বলব?

সাজিদ রাইহান

১৭, ১৮, ২০তম বিসিএস মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকারী, ময়মনসিংহ